

**এসএসসি-দাখিল পরীক্ষা
১ ফেব্রুয়ারীর পরিবর্তে
১১ ফেব্রুয়ারী শুরু হবে**

বিদ্যালয় চৌধুরী

এসএসসি, দাখিল ও সমমানের পরীক্ষার তারিখ পরিবর্তন করা হয়েছে। পরীক্ষাসমূহ ১ ফেব্রুয়ারীর পরিবর্তে ১১ ফেব্রুয়ারী থেকে শুরু হবে। আগামী ২৯ জানুয়ারী থেকে ৯ ফেব্রুয়ারী পর্যন্ত বাংলাদেশে দক্ষিণ এশীয় গেমস অনুষ্ঠিত হওয়ার প্রেক্ষিতে ২০১০ সালের এসএসসি ও সমমানের পরীক্ষাসমূহের তারিখ পরিবর্তিত হয়েছে। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে। শিক্ষামন্ত্রণালয় সূত্রে একথা জানা গেছে। নূরুজ্জামান, পতাকাশিক্ষক, মন্ত্রণালয়ের সভাকক্ষে শিক্ষাসচিব সৈয়দ আতাউর রহমানের সভাপতিত্বে শিক্ষা বোর্ডসমূহের চেয়ারম্যানগণের দ্বাৰা এক সংকল্প সত্য এ সিদ্ধান্ত গৃহীত হয়েছে। প্রত্যেক বোর্ড ৭১০ জনের

এসএসসি-দাখিল পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

চেয়ারম্যানকে তারিখ পরিবর্তনের কারণ প্রয়োজনীয় পরামর্শ গ্রহণের নির্দেশ দেয়া হয়েছে। সত্যর যুগ্মসচিব (মাধ্যমিক) হাকিমুল রহমান ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক হাফেজুর নোমান উর রহীদ উপস্থিত ছিলেন। শিক্ষা মন্ত্রণালয় থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী, এবারই প্রথম বাংলা ও ধর্ম বিষয়ে সুনন্দপীল পদ্ধতিতে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ বছর ৮টি সাধারণ শিক্ষা বোর্ড, ১টি মন্ত্রণালয় শিক্ষা বোর্ড ও ১টি কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ১ হাজার ৯৯২টি কেন্দ্রে সর্বমোট ১২ লাখ ২ হাজার ৮৬৪ জন পরীক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নেবে। এর মধ্যে ঢাকা বোর্ড থেকে ২ লাখ ৭২ হাজার ১৮০ জন, কুমিল্লা বোর্ড থেকে ১ লাখ ২ হাজার ৩২০ জন, চট্টগ্রাম বোর্ড থেকে ৬৮ হাজার ৩০৯ জন, সিলেট বোর্ড থেকে ৪১ হাজার ১৬৯ জন, রাজশাহী বোর্ড থেকে ১ লাখ ৩৪ হাজার ৬৯৭ জন, দিনাজপুর বোর্ড থেকে ১ লাখ ১৮ হাজার ২২০ জন, মঙ্গল বোর্ড থেকে ১ লাখ ১৫ হাজার ১১৬ জন, বরিশাল বোর্ড থেকে ৫৫ হাজার ৫৭৫ জন, কারিগরি বোর্ড থেকে ৭৪ হাজার ৭২০ জন এবং মন্ত্রণালয় বোর্ড থেকে ২ লাখ ১১ হাজার ৫২৭ জন পরীক্ষার্থী অংশ নেবে।